# জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

সময় — ২ ঘণ্টা ২০ মিনিট

### সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ পণ্য উৎপাদনের দিক থেকে ইউরোপ ও আমেরিকার স্থান বাকি বিশ্ব থেকে অনেক উঁচুতে। এশিয়া ও আফ্রিকার উন্নয়নশীল অঞ্চলগুলোতে তাদের যোগাযোগ মূলত বাণিজ্যিক উদ্দেশ্যে। রাজনৈতিক বন্ধন দৃঢ় করা এবং কূটনৈতিক আলাপ-আলোচনার প্রধান উদ্দেশ্য থেকে বাজার সৃষ্টি। এই অঞ্চলের মানুষজনও তাদের পণ্যের ওপর হুমড়ি খেয়ে পড়ে, যার ফলে এশিয়া ও আফ্রিকায় গড়ে ওঠে তাদের বিশাল একটি বাজার।

ক. সুবেদার শায়েস্তা খান কত টাকার মালিক ছিল? ১

খ. পুঁজি পাচার বলতে কী বোঝ? ২

গ. পর্তুগিজরা এদেশে এসেছিল কেন? উদ্দীপকের সাথে তাদের উদ্দেশ্যগত মিল ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ঘটনার সাথে বাংলায় ইউরোপীয় বণিকদের কর্মকাণ্ডের পার্থক্য আলোচনা কর। ৪

২. ▶ নিচের চিত্রটি দেখে প্রশ্নগুলোর উত্তর দাও।



ক. মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন? ১

খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের ছবিতে চিত্রিত গণহত্যার পরিধি তুলে ধর। ৩

ঘ. উদ্দীপকের ছবিতে উল্লিখিত গণহত্যার ভয়াবহতা আলোচনা কর। ৪

৩. ▶ শাওন তার বড় বোনের সাথে প্রত্ন নিদর্শন দেখতে শাহবাগে যায়। শাওনের বোন বলে সংরক্ষিত এসব প্রত্নবস্তু পর্যবেক্ষণ করে প্রত্নস্থানের ইতিহাস সম্পর্কে ধারণা পূর্ণ করা সম্ভব। সে আরও বলে ঢাকার বাইরেও অনেক প্রত্নবস্তু নিদর্শন কেন্দ্র রয়েছে।

ক. রবীন্দ্রনাথের কুঠিবাড়ি কোথায় অবস্থিত? ১

খ. প্রত্নসম্পদ বলতে কী বোঝ? ২

গ. শাওন তার বোনের সাথে কোন প্রত্ন নিদর্শন দেখতে যায়? তা ব্যাখ্যা কর। ৩

ঘ. ঢাকার বাইরে অবস্থিত স্থাপত্য নিদর্শন সম্পর্কে আলোচনা কর। ৪

৪. ▶




ক. ই-কমার্স এর পুরো নাম লিখ। ১

খ. স্থানীয় সমাজ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানগুলো কোন ধরনের মাধ্যম? সামাজিকীকরণে উক্ত মাধ্যমের ভূমিকা আলোচনা কর। ৩

ঘ. ব্যক্তির সুষ্ঠ বিকাশের জন্য উক্ত মাধ্যমের ভূমিকাই যথেষ্ট। তুমি কি একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ বাংলাদেশের একটি জাতি গোষ্ঠীর বিভিন্ন জাতি সত্তার মধ্যে বাংলাদেশে এদের অবস্থান উল্লেখযোগ্য। এই জনগোষ্ঠীর লোক নিজেদেরকে মান্দি বলে থাকে। এদের পরিবারে কন্যা উত্তরাধিকার হিসেবে নির্বাচিত হয়। এদের নিজস্ব জীবন ব্যবস্থা আছে।

ক. কারা নিজেদের মান্দি নামে পরিচয় দিতে পছন্দ করে? ১

খ. সাংগ্রাই বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জাতি গোষ্ঠীর অবস্থান লিখ। ৩

ঘ. উক্ত জাতি গোষ্ঠীর নিজস্ব জীবন ব্যবস্থা বিশ্লেষণ কর। ৪

৬. ▶ ২৫শে মে, ২০০৯, বাংলাদেশের উপকূলীয় জেলাসমূহে আইলার আঘাতে শত শত মানুষ প্রাণ হারায়। কেউ স্বজন হারিয়ে আত্মহারা হয় আর কেউবা সর্বস্ব হারিয়ে দিক ভ্রান্ত হয়ে যায়। এ সময় তাদের সহযোগিতায় এগিয়ে আসে দেশ-বিদেশের বিভিন্ন মহৎ ব্যক্তি, এনজিও, ও দাতব্য সংস্থা। এছাড়া সরকার ক্ষতিগ্রস্ত এলাকায় ঘরবাড়ি নির্মাণে অর্থ দিয়ে সহযোগিতা করেন।

ক. দাবানল কী? ১

খ. ভূমিকম্প সংঘটনের পরে করণীয় কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত দুর্যোগ মোকাবিলায় সামাজিক কমিটি কী-ভূমিকা রাখতে পারে? ৩

ঘ. উক্ত দুর্যোগের পর দুর্গত মানুষের সাহায্যে তোমরা কী কী পদক্ষেপ গ্রহণ করতে পারো? বিশ্লেষণ কর। ৪

৭. ▶ কামাল উত্তরাধিকার সূত্রে একটা বসতবাড়ি ছাড়া কিছুই পায়নি। কিন্তু কামাল অক্লান্ত পরিশ্রম করে দুই বিঘা জমি কিনে আবাদ করে সুন্দর ও স্বচ্ছল জীবন গড়ে তুলে। এমনকি কয়েক বছর পর তার নিজ সন্তান বড় হলে তার শিক্ষা, চিকিৎসার সুব্যবস্থাও করতে সক্ষম হয় সে। এসবই সম্ভব হয়েছে এ দেশের প্রাকৃতিক সম্পদের সহজ ব্যবহার থাকায়।

ক. প্রাকৃতিক সম্পদ কাকে বলে? ১

খ. পানি সম্পদ বলতে কী বোঝ? ২

গ. কামালের আর্থ-সামাজিক জীবনে প্রাকৃতিক সম্পদ কীভাবে অবদান রেখেছে? ৩

ঘ. প্রাকৃতিক সম্পদের ব্যবহার অতিব্যাপক- । উক্তিটির বিশ্লেষণ কর। ৪

৮. ▶ জনাব শাহজাহান একটি স্থানীয় সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নির্বাচিত প্রতিনিধি। এ প্রতিষ্ঠান ২৪ জন নির্বাচিত সদস্য নিয়ে গঠিত এবং তিনিই এর প্রধান। শাহজাহান সাহেব তার এলাকার রাস্তাঘাট, হাসপাতাল, গ্রন্থাগার, শিক্ষাপ্রতিষ্ঠান নির্মাণ ও সংস্কার এবং ড্রেন নির্মাণসহ বিভিন্ন কাজ করে ব্যাপক উন্নয়ন সাধন করেন।

ক. বাংলাদেশে জেলা পরিষদের সংখ্যা কত? ১

খ. স্থানীয় সরকার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে শাহজাহান সাহেব কোন স্থানীয় সরকার ব্যবস্থার প্রধান? সেটির গঠন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে শাহজাহান সাহেব যে দায়িত্ব পালন করেন। তা কি তুমি যথেষ্ট বলে মনে কর? মূল্যায়ন কর। ৪

৯. ▶




ক. প্রশ্ন '?' চিহ্নিত স্থানে কোন সংস্থাটির নাম হবে? ১

খ. এ সংস্থাটির ১টি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য ব্যাখ্যা কর। ২

গ. 'প্রথম বিশ্বযুদ্ধের পটভূমি থেকেই এ সংস্থাটির জন্ম'- ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বিশ্বশান্তি ও নিরাপত্তা রক্ষার দায়িত্ব নিরাপত্তা পরিষদের বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়: বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ৫ | ০ |

[বি: দ্র: সরবরাহকৃত উত্তরপত্রে বহুনির্বাচনি প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।]

১. বাংলায় শাসনকারী কোন বংশ স্থানীয় মানুষ ছিল না?
(ক) মৌর্য (খ) গুপ্ত বংশ
(গ) আর্য বংশ (ঘ) সেন বংশ

২. বাংলাকে সুবা বা প্রদেশে পরিণত করেন কে?
(ক) কৌটিল্য (খ) শশাঙ্ক
(গ) মানসিংহ (ঘ) কেদার রায়

৩. বার ভূঁইয়ার রাজত্ব ও প্রভাব বহাল ছিল কোথায়?
(ক) উত্তর ও দক্ষিণবঙ্গে
(খ) পশ্চিম ও দক্ষিণবঙ্গে
(গ) পূর্ব ও উত্তরবঙ্গে
(ঘ) পূর্ব ও দক্ষিণবঙ্গে

৪. বার্নিয়ের কোন দেশের পর্যটক ছিলেন?
(ক) ফরাসি (খ) ইংলিশ
(গ) পর্তুগিজ (ঘ) স্প্যানিশ

৫. চতুর্দশ শতাব্দী থেকে ইউরোপে কোন বিপ্লবের যুগান্তকারী সূচনা হয়?
(ক) শিক্ষা বিপ্লবের (খ) কৃষি বিপ্লবের
(গ) বাণিজ্য বিপ্লবের (ঘ) সিপাহি বিপ্লবের

৬. পলাশীর যুদ্ধ কত সালে সংঘটিত হয়েছিল?
(ক) ১৯৫৭ সালে (খ) ১৬৫৭ সালে
(গ) ১৭৫৭ সালে (ঘ) ১৮৫৭ সালে

৭. কত সালে চিরস্থায়ী বন্দোবস্ত চালু করা হয়?
(ক) ১৭৯২ সালে (খ) ১৭৯৩ সালে
(গ) ১৭৯৪ সালে (ঘ) ১৭৯৫ সালে

৮. বাংলায় ব্রিটিশ শাসনামলে পৃথিবীর প্রধান ধনী দেশ ছিল কোনটি?
(ক) পর্তুগাল (খ) ফ্রান্স
(গ) ব্রিটেন (ঘ) আমেরিকা

৯. বাংলাকে দ্বিখণ্ডিত করার লক্ষ্যে সীমানা নির্ধারণ করা হয় কত সালে?
(ক) ১৯৮৫ সালে (খ) ১৮৯৭ সালে
(গ) ১৯০০ সালে (ঘ) ১৯০৩ সালে

১০. বাংলায় অসহযোগ আন্দোলনের মূল সূত্র কী ছিল?
(ক) স্বদেশি আন্দোলন (খ) সশস্ত্র আন্দোলন
(গ) বঙ্গভঙ্গ আন্দোলন (ঘ) স্বরাজ আন্দোলন

১১. বাংলার স্বাধীন সুলতানি শাসন সম্পর্কে বলা যায়—
i. স্থায়িত্বকাল দুশ বছর
ii. ফখরুদ্দীন মোবারক শাহ প্রতিষ্ঠা
iii. সুলতানরা অবাঙালি ছিলেন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২. সর্বপ্রথম কখন বাংলাদেশের জাতীয় পতাকা উত্তোলন করা হয়?
(ক) ১লা জানুয়ারি ১৯৭১ (খ) ২ ফেব্রুয়ারি ১৯৭১
(গ) ১ মার্চ ১৯৭১ (ঘ) ২ মার্চ ১৯৭১

১৩. বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণকে বাঙালি মুক্তির সনদ বলা হয় কেন?
(ক) ওই ভাষণে স্বাধীনতার বীজ নিহিত ছিল বলে
(খ) ওই ভাষণটি ঐতিহাসিক ভাষণ ছিল বলে
(গ) ওই ভাষণ দ্বারা স্বায়ত্তশাসন অর্জিত হয় বলে
(ঘ) ওই ভাষণে বাঙালি জাতি উদ্বুদ্ধ হয়েছিল বলে

১৪. মুক্তিযুদ্ধকালীন রণাঙ্গনকে কয়টি ব্রিগেড ফোর্সে বিভক্ত করা হয়?
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি

১৫. মুজিবনগর সরকার গঠিত হয় কত তারিখে?
(ক) ১০ই এপ্রিল ১৯৭১ (খ) ১৭ই এপ্রিল ১৯৭১
(গ) ২৬শে এপ্রিল ১৯৭১ (ঘ) ১৭ এপ্রিল ১৯৭১

১৬. বাংলাদেশ সরকারের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
(ক) বিচারপতি আবু সাঈদ চৌধুরী
(খ) শেখ মুজিবুর রহমান
(গ) সৈয়দ নজরুল ইসলাম
(ঘ) তাজউদ্দিন আহমেদ

১৭. মুজিবনগর সরকারের কবে শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়?
(ক) ১৯৭১ সালের ১২ এপ্রিল
(খ) ১৯৭১ সালের ১৪ এপ্রিল
(গ) ১৯৭১ সালের ১৬ এপ্রিল
(ঘ) ১৯৭১ সালের ১৭ এপ্রিল

১৮. সাইমন ড্রিং কে ছিলেন?
(ক) বিদেশি সাংবাদিক (খ) বিদেশি রাষ্ট্রদূত
(গ) বিদেশি সংগীতশিল্পী (ঘ) বিদেশি ব্যবসায়ী

১৯. মুক্তিযুদ্ধে গঠিত বাংলাদেশ সরকার যে নামে পরিচিত ছিল—
i. অস্থায়ী বাংলাদেশ সরকার
ii. প্রবাসী বাংলাদেশ সরকার
iii. মুজিবনগর সরকার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. কান্তজির মন্দির কোথায় অবস্থিত?
(ক) বগুড়া (খ) রাজশাহী
(গ) রংপুর (ঘ) দিনাজপুর

২১. সুলতানি আমলে কোন ধারায় বাংলায় কীর্তন গান রচনার জোয়ার আসে?
(ক) শ্রীচৈতন্যের বৈষ্ণব ভাবধারায়
(খ) লোকসংগীতের ভাবধারায়
(গ) ঐশ্বরিক ভাবধারায়
(ঘ) সুফি ভাবধারায়

২২. লোকগানের 'যুবরাজ' কাকে বলা হয়?
(ক) শাহ আব্দুল করিম (খ) ফকির লালন শাহ
(গ) আব্বাস উদ্দিন আহমেদকে
(ঘ) আব্দুল আলীম

২৩. বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাস রচনা করেছেন কে?
(ক) এনামুল হক (খ) মুহাম্মদ শহীদুল্লাহ
(গ) কাজী নজরুল ইসলাম (ঘ) আব্দুল হক

২৪. বাংলাদেশে শিশুদের মনন বিকাশে বেসরকারি পর্যায়ে কাজ করে—
i. কচিকাঁচার আসর
ii. শিশু একাডেমি
iii. খেলাঘর
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. শিয়া মুসলমানদের ধর্মীয় প্রতিষ্ঠান কোনটি?
(ক) ইমামছড়ি (খ) ইমামবাড়া
(গ) শিয়াবাড়া (ঘ) ছিয়াছড়ি

২৬. ভিক্টোরিয়া পার্ক নামকরণ করা হয় কোন শাসন আমলে?
(ক) ইংরেজ শাসনামলে (খ) পাল শাসনামলে
(গ) মুঘল শাসনামলে (ঘ) চন্দ্র শাসনামলে

২৭. বুড়িগঙ্গার তীরে নির্মিত নবাবদের প্রাসাদ কী নামে পরিচিত?
(ক) আহসান মঞ্জিল (খ) নবাব মঞ্জিল
(গ) গনি মঞ্জিল (ঘ) গঙ্গা মঞ্জিল

২৮. 'সিপাহি বিদ্রোহ' বলতে কী বোঝায়?
(ক) ওলন্দাজদের সাথে ইংরেজদের বিদ্রোহ
(খ) তুর্কিদের সাথে ওলন্দাজদের বিদ্রোহ
(গ) ইংরেজদের সাথে ভারতীয়দের বিদ্রোহ
(ঘ) ইংরেজদের সাথে তুর্কিদের বিদ্রোহ

২৯. 'প্রত্নস্থল' বলতে কী বোঝায়?
(ক) প্রত্নবস্তু যেখানে গড়ে উঠেছিল
(খ) প্রত্নবস্তু যেখানে সংরক্ষিত আছে
(গ) যেখানে প্রত্নবস্তু প্রদর্শিত হচ্ছে
(ঘ) প্রত্নবস্তু ভবিষ্যতে যেখানে রাখা হবে

৩০. কত সালে ময়মনসিংহে জাদুঘর প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৯৬৭ সালে (খ) ১৯৬৮ সালে
(গ) ১৯৬৯ সালে (ঘ) ১৯৭০ সালে

৩১. বার্ষিক অভ্যন্তরীণ দেশজ উৎপাদনের ইংরেজি কোনটি?
(ক) Gross Due production
(খ) Gross Daily production
(গ) Gross Domestic product
(ঘ) Gross Duel production

৩২. দেশের মানবসম্পদ বলতে কী বোঝায়?
(ক) শ্রমশক্তিসম্পন্ন মানুষ
(খ) বুদ্ধিশক্তিসম্পন্ন মানুষ
(গ) স্মৃতিশক্তিসম্পন্ন মানুষ
(ঘ) পেশিশক্তিসম্পন্ন মানুষ

৩৩. মধ্যপ্রাচ্যের দেশ কোনটি?
(ক) ব্রুনাই (খ) সিঙ্গাপুর
(গ) লিবিয়া (ঘ) দক্ষিণ কোরিয়া

৩৪. জনগণের আয় বৃদ্ধির মূল লক্ষ্য হলো—
(ক) মাথাপিছু আয় বৃদ্ধি করা
(খ) রেমিটেন্স বৃদ্ধি করা
(গ) উৎপাদন বৃদ্ধি করা
(ঘ) জীবনযাত্রার মান বৃদ্ধি করা

৩৫. বাংলাদেশে অর্থনৈতিক প্রবৃদ্ধির মূলে রয়েছে—
i. প্রবাসীদের আয়
ii. দেশজ উৎপাদন বৃদ্ধি
iii. শিল্পের কাঁচামাল আমদানি বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৬. জাপানের কিশোর অপরাধের বয়সসীমা কত?
(ক) ৭ থেকে ১৫ বছর (খ) ৭ থেকে ১৬ বছর
(গ) ১৪ থেকে ২০ বছর (ঘ) ১৪ থেকে ১৯ বছর

৩৭. ধূমপান বলতে কী বোঝায়?
(ক) ধোঁয়াজাতীয় দ্রব্য সেবন
(খ) তরল দ্রব্য সেবন
(গ) কঠিন জাতীয় দ্রব্য সেবন
(ঘ) ধূমমিশ্রিত দ্রব্য সেবন

৩৮. সাঁওতালরা বাংলাদেশের যে জেলায় বাস করে—
i. রাজশাহী
ii. দিনাজপুর
iii. বগুড়া
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩৯. বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ক্ষুদ্র জাতিসত্তা কোনটি?
(ক) চাকমা (খ) মারমা
(গ) গারো (ঘ) ত্রিপুরা

৪০. হাদি বলতে কী বোঝায়?
(ক) চাকমাদের টুপি (খ) চাকমাদের লুঙ্গি
(গ) চাকমা মেয়েদের জামা
(ঘ) চাকমা মেয়েদের বক্ষবন্ধনী

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | ঘ |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | গ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | ঘ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | গ |

http://teachingbd.com